



পাটওয়ারীর বিরুদ্ধে ল্যাপটপ চুরির অভিযোগ রাশেদ খাঁনের



ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতা নাসীরুদ্দীন পাটওয়ারীর বিরুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক নারী শিক্ষার্থীর ল্যাপটপ চুরির অভিযোগ তুলেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী (সচিব পদমর্যাদা) রাশেদ খাঁন।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে তিনি দাবি করেন, ২০১৯ সালে ছাত্র ফেডারেশনের রাজনীতির সঙ্গে যুক্ত থাকাকালে পাটওয়ারীর বিরুদ্ধে ওই অভিযোগ ওঠে। পরে সংগঠনটির পক্ষ থেকে তদন্ত কমিটি গঠন করা হয়।

রাশেদ খাঁনের দাবি, তদন্তে অভিযোগের সত্যতা পাওয়ার পর নাসীরুদ্দীন পাটওয়ারীকে ছাত্র ফেডারেশন থেকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছিল। এ ঘটনার কারণে তিনি বেশ কিছু সময় রাজনীতি থেকে নিষ্ক্রিয় ছিলেন বলেও পোস্টে উল্লেখ করেন রাশেদ খাঁন।

তিনি আরও দাবি করেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ছাত্র রাজনীতির সঙ্গে যুক্ত অনেকেই বিষয়টি জানতেন। পরে দীর্ঘ সময় পর এবি পার্টিতে যোগ দেওয়ার মাধ্যমে পাটওয়ারী আবার রাজনীতিতে সক্রিয় হন।

রাশেদ খাঁন বলেন, এবি পার্টির নেতাকর্মীরা ওই অভিযোগ সম্পর্কে জানতেন না। জানলে তারা পাটওয়ারীকে দলে নিতেন কি না, সে প্রশ্নও তোলেন তিনি। একই পোস্টে পাটওয়ারীর বিরুদ্ধে আরও কিছু অভিযোগ তুলে তার রাজনৈতিক ভূমিকা নিয়ে প্রশ্ন করেন রাশেদ খাঁন।

তবে ফেসবুক পোস্টে করা এসব অভিযোগের বিষয়ে নাসীরুদ্দীন পাটওয়ারীর কোনো বক্তব্য পাওয়া যায়নি।